

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়  
বোয়ালখালী, চট্টগ্রাম।

“মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটি “ সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব এস, এম, সেলিম, উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালখালী, চট্টগ্রাম।  
স্থানঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়, বোয়ালখালী, চট্টগ্রাম।  
সভার তারিখ ও সময়ঃ ০৯ জুলাই, ২০২৩খ্রি.

\*আলোচ্য সূচী:

০১. বিগত সভার কার্যবিবরণী পাঠ পর্যালোচনা ও অনুমোদন।
০২. পশ্চিম গোমদন্ডী ইউনিয়ন উচ্চ বিদ্যালয় কিশোর-কিশোরী কর্মকাণ্ড ও খেলাধুলার উপকরণ সরবরাহ সংক্রান্ত।
০৩. বিবিধ।

অদ্যকার সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটির সম্মানিত সদস্য সচিব উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অদ্যকার সভায় আলোচ্য সূচী মোতাবেক আলোচনার জন্য অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব ০১নং আলোচ্য সূচী অনুযায়ী গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণী পাঠ শেষে কোন প্রকার সংশোধন বা সংযোজন না থাকায় আলোচ্য সিদ্ধান্তগুলো সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

০২ নং আলোচ্যসূচী অনুযায়ী মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের সহ- পাঠ্যক্রম ও শিখন বাস্কব পরিবেশ নিশ্চিতকরণের লক্ষ্যে (শুধুমাত্র শিক্ষার্থীদের চাহিদা মোতাবেক) পশ্চিম গোমদন্ডী ইউনিয়ন উচ্চ বিদ্যালয় খেলাধুলার উপকরণ সরবরাহ বিষয়ে উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটির বরাদ্দ হতে একটি প্রকল্প বাস্তবায়নের জন্য উপজেলা কমিটির সভায় উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রকল্প উন্নয়ন বিষয়ক কমিটির অনুমোদন ও বাস্তবায়নের জন্য কমিটির সদস্য-সচিব উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে এ-সভায় অনুরোধ জানানো হয়।

\*\*\* বিবিধ আলোচ্য সূচীতে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এস.এম.সেলিম

উপজেলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, বোয়ালখালী, চট্টগ্রাম।

স্মারক নং- উমাশিঅ/বোয়াল/চট্ট/২০২২-২৩/১৩২

তারিখঃ ০৯ জুলাই, ২০২৩খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলোঃ-

০১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০২. জেলা প্রশাসক, চট্টগ্রাম।
০৩. উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালখালী, চট্টগ্রাম।
০৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালখালী, চট্টগ্রাম।
০৫. সংরক্ষণ নথি।